**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
শাজাহানপুর, বগুড়া
shajahanpur.bogra.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫০.১০৮৫.০০০.০৬.০০১.২৩.১৮৬

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

**বিষয়:** : **শাজাহানপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জানুয়ারি'২০২৩ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার,
শাজাহানপুর, বগুড়া।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শাজাহানপুর, বগুড়া

সভার তারিখ ও সময় : ১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. সকাল ১০.৩০ টা

উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য (সংরক্ষিত রেজিস্টার)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে সালাম ও অমর একুশে ফেব্রুয়ারিতে প্রাণ হারানো ভাষা শহীদদের স্মরণ করে সভা শুরু করেন। এ উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রাখার জন্য সভায় উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার জন্য সভায় উপস্থিত শাজাহানপুর থানার অফিসার ইনচার্জ (তদন্ত), ইউ.পি চেয়ারম্যানগণ সহ সকল সম্মানিত সদস্যদের সহযোগিতা কামনা করা হয়।

**০১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন:**

গত ১১ জানুয়ারি' ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

**০২। ডিসেম্বর ২০২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা :**

সভাপতির অনুমতিক্রমে শাজাহানপুর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) সভায় বলেন যে, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভালো আছে। তিনি আরও জানান শাজাহানপুর থানায় জানুয়ারি' ২০২৩ খ্রি. মাসে রুজুকৃত মোট মামলা সংখ্যা ৩৪টি। তন্মধ্যে ধর্ষণ ১টি, আপহরণ ১ টি, সড়ক দুর্ঘটনা ২টি, মাদক মামলা ১৬টি, অস্ত্র ২টি ও অন্যান্য মামলা ১২টি। ডিসেম্বর মাসে কোন খুনের ঘটনা এ উপজেলায় ঘটেনি। মাদকদ্রব্য নির্মূলে শাজাহানপুর থানা নিয়মিত অভিযান পরিচালনাসহ পুলিশি টহল বৃদ্ধি করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে, সকলের সম্মলিত প্রচেষ্টায় আগামীতে এ উপজেলাকে মাদকমুক্ত করা সম্ভব। অত:পর তিনি এ উপজেলার জানুয়ারি'২০২৩ খ্রি. মাসের নিম্নরূপ অপরাধ বিবরণী সভায় উপস্থাপন করেন:

**০৩। জানুয়ারি' ২০২৩ খ্রি. মাসের মামলার তুলনামূলক অপরাধ পরিসংখ্যান:**

| থানার নাম | সময়কাল | ডাকাতি | দস্যুতা | খুন | দ্রুত বিচার | দাংগা | আইনশৃঙ্খলা মোট | নারী নির্যাতন | | | | | শিশু নির্যাতন | এসিড | অপহরণ | পুলিশ আক্রান্ত | সিঁধেল চুরি | গরু চুরি | গাড়ী চুরি | অন্যান্য চুরি | মোট চুরি | বিশেষ ক্ষমতা | সড়ক দুর্ঘটনা | সাইবার ক্রাইম | জঙ্গী সংগঠন | সর্বহারা/ চরমপন্থী | অন্যান্য খাতে মামলা | উদ্ধার জনিত খাতের মোট মামলা | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ধর্ষণ | অপহরণ | যৌতুক | অন্যান্য | মোট | | | | | | | | | | | | | | | | অস্ত্র | বিস্ফোরক দ্রব্য | মাদক দ্রব্য | চোরাচালান | উদ্ধার মোট | |
| শাজাহানপুর | জানু' ২০২৩ | - | ১ | - | - | - | - | ১ | ১ | - | - | ২ | - | - | - | - | - | - | ১ | ২ | ৩ | - | - | - | - | - | ৯ | ৫ | - | ২০ | - | ২৫ | ৪০ |
| | ডিসে' ২০২২ | - | - | - | - | - | - | ১ | ১ | - | - | ২ | - | - | - | - | - | - | - | - | - | ১ | ২ | - | - | - | ১১ | ২ | - | ১৬ | - | ১৬ | ৩৪ |
| | জানু' ২০২২ | - | - | - | - | - | - | ২ | ২ | - | - | ২ | - | - | - | - | - | - | - | ১ | ১ | - | ২ | - | - | - | ০৩ | - | - | ১৪ | - | ১৪ | ২৪ |

**০৪। মাস শেষে জানুয়ারি' ২০২৩ খ্রি. মাসের গ্রেফতারী পরোয়ানা তামিলের বিবরণী:**

| থানার নাম | মাসের ১ম দিনে মূলতবী পরোয়ানার সংখ্যা | | | আলোচ্য মাসে কোর্ট হতে প্রাপ্তি | | | মোট প্রাপ্তী | | | আলোচ্য মাসে তামিল | | | আলোচ্য মাসে রিকল | | | অন্যান্যভাবে নিস্পত্তি | | | মোট নিস্পত্তি | | | মাস শেষে মূলতবী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট | জিআর | সিআর | মোট |
| শাজাহানপুর | ১৯৭ | ১২৪ | ৩২১ | ৪৮ | ২৬ | ৭৪ | ২৪৫ | ১৫০ | ৩৯৫ | ১৬ | ১১ | ১৭ | ১০ | ১১ | ২১ | ২২ | ০৪ | ২৬ | ৪৮ | ২৬ | ৭৪ | ১৯৭ | ১২৪ | ৩২১ |

**০৫। জানুয়ারি' ২০২৩ খ্রি. মাসের উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার বিবরণী:**

| ক্রম | ভ্রাম্যমান আদালত পরিচালনাকারি বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম | যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/থানা) | মামলা সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড: অর্থ দন্ড | দন্ড: কারাদন্ড | দন্ড: অর্থদন্ড অনাদায়ে কারাদন্ড | আইনের ৬(৪)/৬(৫)/৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম (যদি থাকে) | আপীলের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ০১ | সাইদা খানম উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাজাহানপুর, বগুড়া | ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ১৫(১)(খ) ধারা | ০৮/০১/২০২৩ | ০১টি | খলিশাকান্দি, মাঝিড়া শাজাহানপুর | ০১টি | ০১জন | ১০,০০০/- | - | - | - | - |
| | | বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ১৫(১) ধারা | ১৯/০১/২০২৩ | ০১টি | মাদলা শাজাহানপুর | ০১টি | ০১জন | ১,৫০,০০০/- | - | - | - | - |
| | | ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ১৫(১)(খ) ধারা | ২৫/০১/২০২৩ | ০১টি | শৈলধুকড়ী আমরুল শাজাহানপুর | ০১টি | ০১জন | ২০,০০০/- | - | - | - | - |
| | | বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ১৫(১) ধারা | ২৬/০১/২০২৩ | ০১টি | শৈলধুকড়ী আমরুল শাজাহানপুর | ০১টি | ০১জন | ৫০,০০০/- | - | - | - | - |
| | | | | **০৪টি** | - | **০৪টি** | **০৪জন** | **২,৩০,০০০/-** | - | - | - | - |

## ০৬। জানুয়ারি’ ২০২৩ খ্রি. মাসের সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার বিবরণী:

| ক্রম | ভ্রাম্যমান আদালত পরিচালনাকারি বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম | যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলা সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬(৫)/৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম (যদি থাকে) | আপীলের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থদন্ড অনাদায়ে কারাদন্ড | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ০১ | শানজিদা মুস্তারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) শাজাহানপুর , বগুড়া | সড়ক পরিবহন আইন, ২০১৮ | ০১/০১/২৩ | ১ | খলিশাকান্দি | ১ | ১ | ১০০০০ | | | | |
| | | ইট প্রস্তুত ও ভাটা স্থাপনা (নিয়ন্ত্রণ আইন), ২০১৩ | | | খলিশাকান্দি | ১ | ১ | ১০০০০ | | | | - |
| | | সড়ক পরিবহন আইন, ২০১৮ | ০৪/০১/২৩ | ১ | ফুলকোর্ট | ১ | ১ | ৫০০০ | | | | - |
| | | ইট প্রস্তুত ও ভাটা স্থাপনা (নিয়ন্ত্রণ আইন), ২০১৩ | | | ফুলকোর্ট | ১ | ১ | ৬০০০ | | | | - |
| | | অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ | ০৮/০১/২৩ | ১ | চকজোড়া | ১ | ১ | ২০০০ | | | | - |
| | | সড়ক পরিবহন আইন, ২০১৮ | | | চকজোড়া | ১ | ১ | ২০০০ | | | | - |
| | | সড়ক পরিবহন আইন, ২০১৮ | ১৩/০১/২৩ | ১ | সুজাবাদ | ১ | ১ | ১৫০০০ | | | | |
| | | ইট প্রস্তুত ও ভাটা স্থাপনা (নিয়ন্ত্রণ আইন), ২০১৩ | ২১/০১/২৩ | ১ | বৃ-কুষ্টিয়া | ১ | ১ | ১০০০০ | | | | - |
| | | | | ৪ | | ৮ | ৮ | ৬০০০০ | | | | |

সভায় উপস্থাপিত অপরাধ পরিস্থিতি নিয়ে বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি না হয় সে বিষয়ে উপজেলা প্রশাসনকে সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধি, সুশীল সমাজ ও অফিসার ইনচার্জ (তদন্ত), শাজাহানপুর থানাকে অনুরোধ জানানো হয়। অত:পর এ উপজেলাকে অপরাধমুক্ত করার লক্ষ্যে উপস্থিত সকল সম্মানিত সদস্যকে পরামর্শ, মতামত ও বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

**০৭। মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন,** গত দুসপ্তাহে এ উপজেলার খরনা ও গোহাইল ইউনিয়নে প্রতারক চক্র হানা দেয়। এ প্রতারক চক্রের মাধ্যমে দুটি প্রতরাণার ঘটনা ঘটেছে। তিনি জানান, বাইক যোগে অপরিচিত দুজন ব্যক্তি হলুদ ফরমে তাদেরকে নাম না জানা এনজিওর কর্মকর্তা দাবি করে খরনা ও গোহাইল ইউনিয়নের বিভিন্ন গ্রামের অজ্ঞ এবং সাধারণ মানুষের কাছে ভাতা প্রপ্তির কথা বলেন এবং জানান যে আপনাদের নামে উপজেলায় ৪০ হাজার টাকা এসেছে । এ কারণে আপনাদের ৬০০০ টাকা দিতে হবে। সে অসহায় মানুষগুলো বিভিন্ন জায়গা থেকে ধার করে ৬০০০ টাকা জোগাড় করে প্রতারক চক্রকে দেন। এছাড়াও অন্য একটি গ্রামে বিধবা ভাতার কথা বলে ৩০০০ টাকা দাবী করেন। সে মহিলাটিও প্রতিবেশীদের কাছে ধার করে ৩০০০ টাকা প্রতারক চক্রকে দেন। এভাবে প্রতারক চক্রটি আরও কত জায়গায় হানা দিয়েছে তা অজানা। ভুক্তভোগী মানুষগুলো পরের দিন ভাতার টাকা নিতে উপজেলায় আসেন এবং প্রতারক চক্রের ঘটনাগুলি বর্ণনা করেন। এ ব্যাপারে ইউ.পি চেয়ারম্যান, সদস্য, সাংবাদিক সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সতর্ক থাকার অনুরোধ জানান এবং তিনি চেয়ারম্যানদের জানান, প্রতিটি এলাকায় মাইকিং করে জানানো উচিত সরকারি কোন ভাতার জন্য কোথাও একটি টাকাও দিতে হয়না। এছাড়া তিনি নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ব্যাপারে ইউনিয়ন পর্যায়ে কমিটির সদস্যদের সক্রিয় হওয়ার অনুরোধ জানান। আইনশৃঙ্খলার মাসিক সভার কার্যবিবরণীর ন্যায় তারা যেন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী উপজেলায় নিয়মিত পাঠান এ ব্যাপারে ইউ.পি চেয়ারম্যানদের অনুরোধ করেন।

**০৮। বাংলাদেশ আওয়ামীলীগ শাজাহানপুর উপজেলা শাখার (ভারপ্রাপ্ত) সাধারণ সম্পাদক জানান,** আমরুল ইউনিয়নের কলেজ ছাত্র রিয়াজ হত্যার ব্যাপারে তিনি জানান এ উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি একটু অবনতির দিকে যাচ্ছে। এ ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীকে তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান এ উপজেলার কোন দপ্তর থেকে গোপনীয় কোন তথ্য যেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ঘোষণা বা প্রকাশ না হয় এ ব্যাপারে প্রতিটি দপ্তরের কর্মকর্তাদের সজাগ থাকার আহ্বান জানান। এ মর্মে তিনি জানান প্রতারক চক্রগুলো যদি ভাতাভোগীদের তথ্য পেয়ে থাকেন তাহলে তারা সেসমস্ত ব্যক্তির বাড়িতে যেয়ে প্রতারণার ফাঁদ পাততে পারেন।

**০৯। চেয়ারম্যান, চোপিনগর ইউ.পি সভায় বলেন,** তার ইউনিয়নে বিভিন্ন উন্নয়নমূলক কাজ ভালোভাবেই সম্পন্ন হচ্ছে। তিনি জানান তার এলাকায় বালিয়াদিঘী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে তিনি দশ ট্রাক মাটি ভরাট করেন। এবং বিদ্যালয়ের মাঠঠি শিক্ষার্থীদের খেলার উপযোগী করে তোলেন। এতে কিছু সাংবাদিক ক্ষুদ্ধ হয়ে তার নামে ভূমিদস্যু বা মাটির কাটার অভিযোগ করেন। যা অত্যন্ত লজ্জিত ও ঘৃণিত একটি বিষয়। তিনি প্রেস ক্লাবের সভাপতিকে জানান, কোন সাংবাদিক এলাকার উন্নয়নমূলক কাজের সচিত্র প্রতিবেদন পত্রিকা বা সামাজিক যোগাযোগের মাধ্যমে তুলে ধরে না। তারা শুধু দোষ-ত্রুটি তুলে ধরেন। দয়াকরে সাংবাদিকবৃন্দ যেন প্রতিটি বিষয় খুব ভালভাবে পর্যবেক্ষণ করে পত্রিকায় নিউজ করেন।

**১০। চেয়ারম্যান, গোহাইল ইউ.পি** মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে একমত হয়ে প্রতারক চক্র সম্পর্কে বলেন, তার ইউনিয়নে যে ঘটনাটি ঘটেছে তা একটি অনাকাঙ্খিত ঘটনা। এ ব্যাপারে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সতর্ক হতে হবে। যেকোন মূল্যে প্রতারক চক্রদের আইনের আওতায় আনতে হবে এবং আর কোন পরিবার যেন এ ফাঁদে না পা দেওয়় সেদিকে সতর্ক থাকতে হবে। এছাড়া ২/১ দিনের মধ্যে তার ইউনিয়নের সবগুলি গ্রামে সচেতনতামূলক মাইকিং করার প্রতশ্রুতি জানান। এসব ব্যাপারে বিট পুলিশিং কর্মকর্তাসহ থানার অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শকদের সতর্ক হওয়ার অনুরোধ করেন।

**১১। চেয়ারম্যান, মাঝিড়া ইউ.পি সভায় বলেন,** বিট পুলিশিং কর্মকর্তা যেন সপ্তাহে একদিন এসে খোঁজ খবর নেন। তিনি বিট পুলিশিং কর্মকর্তার উপস্থিতি নিয়ে এর আগেও সভায় জানালে কোন অগ্রগতি হয়না। এ ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণে তিনি অফিসার ইনচার্জ (তদন্ত) মহোদয়কে অনুরোধ করেন।

**১২। প্রেস ক্লাব সভাপতি সভায় জানান,** যেকোন মূল্যে প্রতারণা প্রতিরোধ করতে হবে। সামাজিক নিরাপত্তা বলয়ে যারা আছেন তাদের জাগ্রত করতে হবে। তিনি সাংবাদিকদের আরো সজাগ হওয়ার প্রতিশ্রুতি জানান। কাউকে নিয়ে মিথ্যা এবং বানোয়াট সংবাদ প্রচার যেন না হয় সেদিকে খেয়াল রাখতে সাংবাদিকদের তাগিদ দিবেন মর্মে প্রতিশ্রুতি জানান। তিনি জানান দেশে ভাল কাজ অনেক হচ্ছে। পত্রিকাগুলোতে এত ভাল কাজের নিউজ করলে পত্রিকা আরো লম্বা হবে। তিনি নেতিবাচক সংবাদগুলোকেই নিউজ বলে দাবী করেন। ভাল কাজগুলো মাঠ পর্যায়ে আলোচনার মাধ্যমে ছড়াতে হবে। তিনি গন্ডগ্রাম এলাকার পূর্ব পাড়াতে ঘটে যাওয়া মাদকের অপরাধ চিত্রের বর্ণনা দিয়ে বলেন যে, একটি পরিবারের কাছে ঐ এলাকা জিম্মি হয়ে আছে। তিনি জানান পরিবারটি দীর্ঘদিন ধরেই বিভিন্ন প্রকার অপরাধমূলক কাজ করে আসতেছে কিন্তু এর কোন সুরহা হয়না। এ ব্যাপারে তিনি পুলিশ প্রশাসনকে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। তিনি আরো জানান, ক্ষুদ্র কুটির শিল্প মেলায় টিকিটের উপর প্রতিদিন লটারী হচ্ছে। এ ব্যাপারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে উপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধ করেন।

**১৩। শাজাহানপুর থানার অফিসার ইনচার্জ (তদন্ত)** বক্তব্যের শুরুতে সবাইকে অভিনন্দন জানান। তিনি প্রেস ক্লাব সভাপতির বক্তব্যে জানান গন্ডগ্রাম এলাকায় যে পরিবারের কথা আমরা জানতে পারলাম তার নাম সালমা বেগম। তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তিনি জনসচেতনতা বৃদ্ধিতে এ উপজেলার সকল সাংবাদিকদের সালমা বেগমের বিরুদ্ধে নিউজ করার আহ্বান জানান। তিনি বাংলাদেশ আওয়ামীলীগ শাজাহানপুর উপজেলা শাখার (ভারপ্রাপ্ত) সাধারণ সম্পাদক এর বক্তব্যের প্রেক্ষিতে জানান, মার্ডার গুলো ঘটছে কিছু নেশাগ্রস্থ, ভাড়াটিয়া খুনির কারণে। সামান্য কিছু টাকার বিনিময়ে তারা এরকম ঘৃণিত ও অপরাধমূলক কাজ করে যাচ্ছে। আপনারা অবগত আছেন মাত্র ২০০০ টাকার বিনিময়ে ফাহীম হত্যাকান্ড ঘটে এবং সাম্প্রতি যে খুনের ঘটনাটি ঘটেছে রিয়াজ হত্যা তাও মাত্র ৪০০ টাকার জন্য। রিয়াজ হত্যায় মামলাটি সাথে সাথে পুলিশ সুপার মহোদয় সুদৃষ্টিতে নেন এবং শাজাহানপুরে থানা পুলিশের মাধ্যমে ২৪ ঘন্টার মধ্যে আসামীদের সনাক্ত করে আইনের আওতায় নিয়ে আসা হয়। বিভিন্ন চুরির বিষয়ে তারা ব্যবস্থা নিয়েছেন। মাঝিড়া ইউ.পি চেয়ারম্যানের বক্তব্যে তিনি জানান অন্যান্য ইউ.পিতে বীট পুলিশিং অফিসারের বসার জন্য নির্দিষ্ট রুম থাকলেও মাঝিড়া ইউ.পিতে নেই। বীট পুলিশিং অফিসারগণ প্রতি রবিবার তাদের দায়িত্বে থাকা নির্দিষ্ট ইউনিয়নে যাবেন মর্মে সবাইকে আশ্বস্ত করেন। তিনি প্রেস ক্লাবের সভাপতির বক্তব্যে জানান ক্ষুদ্র কুটির শিল্প মেলাটি সেনাবাহিনীর অধিক্ষেত্রে হওয়ায় কোন অনিয়ম হলে সেনাবাহিনী ব্যবস্থা নেওয়ার কথা জানান। এর বাহিরের কোন এলাকায় যদি লটারীর টিকিট বিক্রী হয়ে থাকে এবং এ ব্যাপারে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

**১৪। উপজেলা চেয়ারম্যান** মহোদয় আইনশৃঙ্খলা ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান। তিনি ইউ.পি চেয়ারম্যানদের উদ্দেশ্য করে জানান সরকারি কোন ভাতার জন্য একটি টাকারও প্রয়োজন হয়না। এ বিষয়টা যত দ্রুত সম্ভব প্রতিটি গ্রামগঞ্জে ব্যাপকভাবে ছড়িয়ে দিতে হবে। এ ব্যাপারে সাংবাদিকরা যেন পত্রিকায় নিউজ করেন সে ব্যাপারে প্রেস ক্লাব সভাপতিকে উদ্বুদ্ধ করেন। তিনি এ ব্যাপারে আরো জানান ইউ.পি চেয়ারম্যান এবং মেম্বারদের ভাল কাজগুলি পত্রিকাতে প্রকাশ করলে তারা খুব অনুপ্রানিত হবেন এবং আরো ভাল কাজে উৎসাহ যোগাবেন। আমরুল ইউনিয়নের কলেজ ছাত্র শাহরিয়ার ইসলাম রিয়াজকে হত্যার ২৪ ঘন্টার মধ্যে আসামীদের গ্রেফতার করায় শাজাহানপুর থানা পুলিশ ও জেলা পুলিশ সুপার মহোদয়কে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

**১৫। বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা:**

বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ অনুযায়ী বাল্যবিবাহ প্রতিরোধে এ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির দায়িত্বপ্রাপ্ত সকলকে বাল্যবিবাহ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য অনুরোধ জানানো হয় এবং সচেতনতামূলক কার্যক্রম বাড়ানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়া উপজেলায় অন্তর্গত প্রতিটি স্কুলে বাল্যবিবাহ রোধ কমিটি গঠন করার জন্য আহ্বান করা হয়।

**১৬। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে আলোচনা:**

চলতি মাসে নারী ও শিশু নির্যাতন এর কোন ঘটনা ঘটে নাই। এ সংক্রান্ত কোন ঘটনা সংঘটিত হলে বিধিমতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৭। সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে আলোচনা:**

সন্ত্রাস ও নাসকতা যারা করে সেসব দলের অবৈধ তৎপরতা সম্পর্কে সতর্ক থাকতে হবে। তারা যেন কোন ভাবেই সন্ত্রাসী বা নাসকতামূলক কর্মকান্ড না ঘটায় সে বিষয়ে স্থানীয় প্রশাসন সহ সকলের সজাগ থাকতে হবে। এ ব্যাপারে উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্যদের, বেসরকারি প্রতিষ্ঠান, মসজিদের ইমাম/খতিব/কমিটিবৃন্দ, আনসার ভিডিপি সদস্য, কমিউনিটি পুলিশিং, গ্রাম পুলিশসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে জনসাধারণকে সচেতন করে তোলার ক্ষেত্রে স্ব স্ব বিভাগ/প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**১৮। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির আলোচনা:**

ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটির সভায় মাদকবিরোধী আলোচনা করে প্রত্যেক মাসে নিয়মিতভাবে সভা অনুষ্ঠিত করতে হবে। সচেতনতা বৃদ্ধি করতে মাইকিং এর ব্যবস্থা করতে হবে। এলাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ রক্ষায় ইউপি চেয়ারম্যানগণকে বলিষ্ঠ ভূমিকা রাখাসহ সকল ইউনিয়ন পরিষদে গ্রাম আদালতের কার্যক্রম জোরদার করার নির্দেশনা দেওয়া হয়।

**১৯। পরিশেষে সভাপতি মহোদয় জানান,** এ উপজেলার সবচেয়ে চ্যালেঞ্জিং বিষয় হলো মাটি কাটা রোধ করা। সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রচেষ্টায় একবারে নির্মূল না হলেও আয়ত্বে এসেছে মাটি কাটার সমস্ত অভিযোগ। তিনি জানান, সাম্প্রতি আমরুল ইউনিয়নে ঘটে যাওয়া কলেজ ছাত্র রিয়াজ হত্যার মত যেন আর কোন ঘটনা এ উপজেলায় না ঘটে এ ব্যাপারে ইউ.পি সদস্য, চেয়ারম্যান, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, পুলিশ প্রশাসন সহ সর্বস্তরের জনগণকে সতর্ক ও সজাগ থাকতে হবে। বাজারে বার্মিজ চাকু বন্ধের বিষয়ে বাজার মালিক সমিতির কমিটিদের সজাগ হতে হবে। বাজারে যত্রতত্র কীটনাশক বিক্রীর ব্যাপারে সজাগ হতে বলেন। তিনি জানান এসব বিষয়ে পুলিশি তৎপরতা বাড়াতে হবে। সামনে রমজান মাস আসছে। রমজানে বাজারগুলোতে যেন দ্রব্যমূল্যের উর্ধ্বগতি না হয় সে ব্যাপারে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) কে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা করার অনুরোধ করেন। এছাড়া স্থানীয় জনপ্রতিনিধিদের এ ব্যাপারে সজাগ হতে নির্দেশ করেন। তিনি জানান ইউ.পি চেয়ারম্যানরা ইউ.পি সচিবের সহযোগিতায় নিজ ইউনিয়নে আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার আয়োজন করতে হবে এবং প্রতি মাসের ২৫-৩০ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাঠাতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সবাইকে সচেতন হতে হবে। প্রতারক চক্রকে প্রতিহত করতে হবে। কোন সাধারণ মানুষ যেন প্রতারক চক্রের ফাঁদে পা না দেয় এ ব্যাপারে স্থানীয় চেয়ারম্যানদের জনসচেতনতা বাড়াতে মিটিং বা মাইকিং করার তাগিদ দেন। এ ব্যাপারে জনগণকে অবহিত করতে হবে, "সরকারি ভাতার জন্য একটি টাকার ও প্রয়োজন পড়ে না।" করোনার ৪র্থ টিকা সবাইকে নেওয়ার জন্য তাগিদ দেন।

**২০। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহিত হয়:**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সরকারি বিভিন্ন প্রণোদনা কর্মসূচীতে সুবিধা দেওয়ার নাম করে প্রতারণা রোধে প্রতারক চক্র সম্পর্কে স্থানীয়ভাবে জনসচেতনতা বৃদ্ধি ও মাইকিং করতে হবে। প্রতারক চক্রদের খুঁজে বের করে আইনের আওতায় আনতে হবে। সরকারি কোন ভাতার জন্য একটি টাকারও প্রয়োজন হয় না এ স্লোগানটি জনসাধারণের মাঝে ছড়াতে হবে। | ১। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>২। সভাপতি/সা: সম্পাদক, উপজেলা আওয়ামী লীগ<br>৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শাজাহানপুর, বগুড়া<br>৪। সভাপতি/সা: সম্পাদক, ইমাম মুয়াজ্জিন সমিতি, শাজাহানপুর, বগুড়া।<br>৫। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | সংবাদ প্রচারে সাংবাদিকদের সচেতন হতে হবে। মিথ্যা, বানোয়াট, অযৌক্তিক সংবাদ যেন প্রচার না করে সে বিষয়ে খেয়াল রাখতে হবে। এছাড়াও কোন সংবাদ প্রচারের পূর্বে শতভাগ সত্যতা যাচাই এবং পর্যবেক্ষণ করে প্রচার করতে হবে। মিথ্যা সংবাদ প্রচার করলে সে সাংবাদিকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। | ১। সভাপতি, প্রেস ক্লাব, শাজাহানপুর, বগুড়া<br>২। সা: সম্পাদক, প্রেস ক্লাব, শাজাহানপুর, বগুড়া<br>৩। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা |
| ০৩ | ভুয়া ভাতাভোগী / উপকারভোগীদের যাচাই-বাছাই করতে হবে। এ ব্যাপারে ভাতা ভোগীর তালিকা তৈরীতে ইউ.পি চেয়ারম্যান, মেম্বার সহ সংশ্লিষ্ট দপ্তর প্রধানের সতর্ক হতে হবে এবং যাচাই বাছাই করে উপযুক্ত ব্যাক্তিদের ভাতা দিতে হবে। এছাড়াও যারা ভাতাভোগী হবেন তাদের তালিকা শুধু সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না। সে ব্যাপারে ব্যবস্থা নিতে হবে। | ১। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর, বগুড়া<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া<br>৩। উপজেলা সমাজ সেবা অফিসার, শাজাহানপুর, বগুড়া<br>৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া |
| ০৪ | আসছে রমজান উপলক্ষ্যে বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি যেন না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। বাজারের প্রতিটি দোকানে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর মূল্যতালিকা লিখতে হবে। বাজারের সাথে এ মূল্যের সামঞ্জস্যতা না থাকলে তাকে আইনের আওতায় আনা হবে এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সি. ম্যাজিস্ট্রেট, শাজাহানপুর।<br>২। সভাপতি/সম্পাদক, বাজার মালিক সমিতি, শাজাহানপুর, বগুড়া |
| ০৫ | পুকুর সংস্কারে ও অবৈধভাবে মাটিকাটা রোধ উপজেলা প্রশাসনের পাশাপাশি শাজাহানপুর থানা, কৃষি ও মৎস্য দপ্তর, রাজনৈতিক নেতৃবৃন্দ ও সুশিল সমাজকে তৎপর ভূমিকা পালন করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সি. ম্যাজিস্ট্রেট, শাজাহানপুর।<br>২। উপজেলা কৃষি অফিসার, শাজাহানপুর, বগুড়া<br>৩। উপজেলা মৎস্য অফিসার, শাজাহানপুর, বগুড়া<br>২। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা<br>৩। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>৪। সভাপতি/সা: সম্পাদক, উপজেলা আওয়ামী লীগ |
| ০৬ | চুরি ছিনতাই রোধে ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধের সংখ্যা হ্রাসের চেষ্টা অব্যাহত রাখতে পুলিশি টহল ও বিট পুলিশিং তৎপরতা বৃদ্ধিসহ কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবং প্রকৃত অপরাধীদের গ্রেফতার করে আইনের আওতায় আনতে হবে। ইউনিয়ন বিট পুলিশিং কর্মকর্তা সপ্তাহের রবিবার দিনে ইউনিয়ন পরিষদে সময় দিবেন তা সঠিকভাবে রুটিন অনুযায়ী নির্ধারণ করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা। |
| ০৭ | মাদক বিক্রীর স্থান, মাদকসেবী ও মাদক বিক্রেতারদেরকে সনাক্তকরণে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাদকসেবী ও বিক্রেতাদেরকে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সি. ম্যাজিস্ট্রেট, শাজাহানপুর।<br>২। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা<br>৩। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর |
| ০৮ | **জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তের আলোকে ইউনিয়ন পর্যায়ে আই-শৃঙ্খলা কমিটির সভাসহ আইন-শৃঙ্খলার সাথে সম্পৃক্ত অন্যান্য সভা প্রত্যেক মাসে নিয়মিতভাবে করতে হবে। সভা শেষে সভার কার্যবিবরণী প্রতি মাসের ২৫-৩০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে পাঠানো ছক অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।** | ১। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>২। সচিব, ইউপি(সকল), শাজাহানপুর। |
| ০৯ | ওয়াজ মাহফিলের নামে জঙ্গী তৎপরতায় উস্কানি ও জঙ্গী কার্যক্রম উৎসাহিত করে এমন ধর্ম সভার অনুমতি প্রদান করা হবে না। ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এবং বিতর্কিত বক্তব্য প্রদান করেন এমন বক্তব্য প্রদানকারী বক্তাদের চিহ্নিত করে জরুরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। মসজিদে খুৎবা পাঠের সময় ইমাম সাহেবরা কি কি বক্তব্য দেয় সে বিষয়ে তথ্য নিতে হবে। সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা<br>২। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শাজাহানপুর, বগুড়া<br>৪। সভাপতি/সা: সম্পাদক, ইমাম মুয়াজ্জিন সমিতি, শাজাহানপুর, বগুড়া। |
| ১০ | মাদ্রাসা/স্কুল কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের বাধ্যতামূলক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। জাতীয় সংগীত পরিবেশন ও পিটি-প্যারেড অনুষ্ঠান করতে হবে। এছাড়া জেলা/উপজেলা কার্যালয় থেকে পাঠানো নিয়ম অনুসারে শিক্ষার্থীদের বিভিন্ন ইনোভেশন কাজে যুক্ত করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর<br>২। উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর<br>৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সকল স্কুল/কলেজ/মাদ্রাসা, শাজাহানপুর। |
| ১১ | রাস্তার ধারে পুকুর নির্মাণ বিষয়ে সতর্ক থাকতে হবে। রাস্তার ধারে পুকুর খনন করলে রাস্তার পাড় ভেঙ্গে যেতে পারে এ ব্যাপারে কঠোর ভূমিকা পালন করতে হবে। দোষীদের আইনের আওতায় নিয়ে আসতে হবে। | ১। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>২। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | আইনশৃঙ্খলা রক্ষায় ইউ.পি চেয়ারম্যান, সদস্য সহ গ্রাম পুলিশকে সম্পৃক্ত করতে হবে। | ১। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর |
| ১৩ | বাল্য বিবাহ , নারী ও শিশু নির্যাতন বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। নৈতিক শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে। অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। বাল্য বিবাহ ব্যাপারে স্কুল/কলেজে বাল্যবিবাহ নিরোধ কমিটি গঠন করতে হবে। এ ব্যাপারে শিক্ষর্থীদের বাল্যবিবাহের কুফল সম্পর্কে অবহিত করতে হবে। বাল্যবিবাহ বন্ধে জনপ্রতিনিধিদের ভূমিকা রাখতে হবে এবং বাল্যবিবাহের সাথে জড়িত সংশ্লিষ্টদের শাস্তি নিশ্চিত করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সি. ম্যাজিস্ট্রেট, শাজাহানপুর।<br>২। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর<br>৪। উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর<br>৫। উপজেলা মহিলা বিষয়ক অফিসার চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>৬। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর<br>৭। সভাপতি/সা: সম্পাদক, ইমাম মুয়াজ্জিন সমিতি, শাজাহানপুর, বগুড়া।<br>৮। সভাপতি/সম্পাদক, হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান ঐক্য পরিষদ, শাজাহানপুর, বগুড়া। |
| ১৪ | সরকার ও রাষ্ট্র বিরোধ যে কোন ধরণের গুজব রোধকল্পে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সি. ম্যাজিস্ট্রেট, শাজাহানপুর।<br>২। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা।<br>৩। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর।<br>৪। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শাজাহানপুর, বগুড়া। |
| ১৫ | করোনা এবং নতুন ভ্যারিয়েন্ট যাতে ব্যাপক আকারে ছড়িয়ে পড়তে না পারে সেজন্য সবাইকে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। কোভিড-১৯ প্রতিরোধ কোভিড টিকা এবং চতুর্থ ডোজ নেওয়ার জন্য সকলকে উৎসাহিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া।<br>২। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর। |
| ১৬ | দাদন ব্যবসা ও চাঁদাবাজি বন্ধ করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা।<br>২। উপজেলা সমবায় কর্মকর্তা, শাজাহানপুর। |
| ১৭ | আত্মহত্যা ও অপমৃত্যু প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। ইঁদুর মারার বিষ এবং ক্ষেতে প্রয়োগের বিষ এর যত্রতত্র বিক্রয় নিয়ন্ত্রণ করতে হবে। | ১। চেয়ারম্যান, ইউপি(সকল), শাজাহানপুর।<br>২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সকল স্কুল/কলেজ/মাদ্রাসা, শাজাহানপুর। |
| ১৮ | হত্যা, খুন সহ অপরাধ কর্ম রোধ করতে বাজারে বার্মিজ চাকু সহ দেশিয় অস্ত্র বিক্রী বন্ধ করার ব্যবস্থা নিতে হবে। এ ব্যাপারে আইনগত ব্যবস্থাও নিতে হবে। সকল বাজার কমিটিকে এ ধরনের অপদ্রব্য বিক্রি বন্ধে সচেতনতা ও প্রচার-প্রচারণা চালাতে হবে। | ১। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা।<br>২। সভাপতি/সম্পাদক, বাজার মালিক সমিতি, শাজাহানপুর, বগুড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি এ উপজেলার আইন-শৃঙ্খলা স্থিতিশীল রাখার স্বার্থে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আইন-শৃঙ্খলা কমিটির জানুয়ারি'২০২৩ খ্রি. মাসের মাসিক সভার সমাপ্তি ঘোষণা করেন।

Saida ১৬/২/২৩

সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
শাজাহানপুর, বগুড়া
ফোন: ০২৫৮৮৮৭৭১১১
মোবাইল: ০১৭৩৩৩৩৫৪২৩
ইমেইল: unoshajahanpur@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫০.১০৮৫.০০০.০৬.০০১.২৩.১৮৬(১২০)

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪২ বগুড়া-৭, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
০৬। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
০৭। পুলিশ সুপার, বগুড়া।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া
০২। সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া
০৪। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা, বগুড়া
০৫। উপজেলা ............................কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
০৬। চেয়ারম্যান,........................... ইউনিয়ন পরিষদ, শাজাহানপুর, বগুড়া
০৭। প্রধান শিক্ষক,.......................... শাজাহানপুর, বগুড়া
০৮। সভাপতি/সম্পাদক,...................... শাজাহানপুর, বগুড়া
০৯। বীর মুক্তিযোদ্ধা জনাব..................... শাজাহানপুর, বগুড়া
১০। জনাব,................................. শাজাহানপুর, বগুড়া
১১। অফিস কপি। (সংরক্ষিত)

Saida 26/02/23
সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
শাজাহানপুর, বগুড়া